

# তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ

কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।

সূত্র নং- ২৮.১৩.০০০০.১২২.১৪.০১৫.২৩

তারিখ ৪ ২৭/১২/২০২৩ খ্রি.

## নিলাম বিজ্ঞপ্তি

প্রধান কার্যালয়ে চলমান পূর্তকাজে সৃষ্ট পুরাতন ও পরিত্যক্ত নির্মাণ সামগ্রী নিলামের মাধ্যমে অপসারণ এর লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান কে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত সময় ও স্থানে উপস্থিত থাকার জন্য আহ্বান করা যাচ্ছে।

- ১। প্রধান কার্যালয়ের ৩য়, ৪র্থ, ৭ম ও ৮ম তলার করিডোর এ রক্ষিত চলমান পূর্তকাজে সৃষ্ট পুরাতন ও পরিত্যক্ত নির্মাণ সামগ্রী সমূহের জন্য নিলাম দর উদ্ধৃত করতে হবে।
- ২। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ক্রেতাগণ ০৩/০১/২০২৪ খ্রি. এর পূর্বে অফিস চলাকালীন সময়ে সকাল ১০.০০ ঘটিকা হতে বিকেল ৩.০০ ঘটিকা পর্যন্ত ব্যবস্থাপক (নির্মাণ শাখা)-এর সহিত যোগাযোগ করে উক্ত মালামাল পরিদর্শন করতে পারবেন।
- ৩। ০৩/০১/২০২৪ খ্রি. বেলা ১১.০০ ঘটিকায় উপমহাব্যবস্থাপক (সিইডি) এর দপ্তর, তিতাস ভবন, ঢাকায় নিলাম অনুষ্ঠিত হবে। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ক্রেতাগণকে নির্ধারিত তারিখ ও সময়ের উক্ত ঠিকানায় উপস্থিত হতে হবে এবং উক্ত তারিখ ও সময়ে উপমহাব্যবস্থাপক (ভাণ্ডার), আহ্বায়ক নিলাম কমিটি, বরাবর উদ্ধৃত দর দাখিল করতে হবে।
- ৪। উদ্ধৃত দরের সহিত টিজিটিডিসিএল এর অনুকূলে উদ্ধৃত দরের ১০% হারে নিরাপত্তা জামানত (পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট) প্রদান করতে হবে। উদ্ধৃত দর ও নিরাপত্তা জামানত মুখবন্ধ খামে দাখিল করতে হবে।
- ৫। উদ্ধৃত দর বিজ্ঞপ্তির সহিত সংযুক্ত নমুনা সিডিউলে অমোচনীয় কালি অথবা টাইপে স্পষ্টরূপে পূরণ করতে হবে। অস্পষ্টভাবে লিখিত, ওভার রাইটিং, সাদা কারেকটিং ফুইড ব্যবহার, ঘষামাজা লেখা বা পেন্সিলে লিখিত দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।
- ৬। নিলামে প্রস্তাবিত দর নিলামের তারিখ হতে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন কার্যকর রাখতে হবে।
- ৭। নিলামে প্রাপ্ত সর্বোচ্চ দরদাতার নামে যথারীতি বিক্রয়াদেশ/অর্পণাদেশ প্রদান করা হবে।
- ৮। অত্র বিক্রয় সংশ্লিষ্ট নিলামে উদ্ধৃত মূল্য ছাড়াও সরকারী নিয়ম অনুযায়ী সকল ধরনের কর ক্রেতা (যথা আয় কর ও মূল্য সংযোজনকর) পরিশোধ করতে বাধ্য থাকবেন।
- ৯। নিলাম অনুষ্ঠিত হওয়ার ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে উদ্ধৃত সমুদয় মূল্য এবং সরকারী নিয়ম অনুযায়ী সকল ধরনের কর সহ (যথা আয় কর ও মূল্য সংযোজনকর) সর্বমোট মূল্য নগদ অথবা পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট-এর মাধ্যমে পরিশোধ পূর্বক অত্র কোম্পানির হিসাব বিভাগে জমা দিয়ে রসিদ সংগ্রহ করতে হবে। জমা রসিদ প্রাপ্তি সাপেক্ষে বিক্রয়াদেশ/অর্পণাদেশ প্রদান করা হবে। অন্যথায় দাখিলকৃত নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ১০। অর্পণাদেশ পাওয়ার পর ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে মালামাল সমূহ অপসারণ করে জায়গা খালি করে দিতে হবে। অর্পণাদেশ পাওয়ার পর উল্লেখিত মালামাল সমূহের গুণগতমান অথবা অন্য কোন বিষয়ে দরদাতার কোন প্রকার ওজর-আপত্তি করতে পারবে না এবং করলেও তাহা গ্রহণযোগ্য হবে না।
- ১১। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সম্পূর্ণ দরপত্র বা ইহার অংশ বিশেষ গ্রহণ/বাতিল করার ক্ষমতা অত্র কোম্পানির সংরক্ষণ করে। সকল বিষয়ে কোম্পানীর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১২। অর্পণাদেশ প্রাপ্ত দরদাতা সম্পূর্ণ নিজ ব্যয়ে নিলামযোগ্য মালামাল অপসারণ করবে। উল্লেখ্য, অপসারণকালীন সময়ে কোনো প্রকার দৈব দুর্ঘটনা ঘটলে অত্র কোম্পানি দায়ী থাকবে না।

উপমহাব্যবস্থাপক (ভাণ্ডার)

বিজ্ঞপ্তি প্রকাশের স্থান :

- ১। নোটিশ বোর্ড, প্রধান কার্যালয়, ১০৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।
- ২। নোটিশ বোর্ড, ভান্ডার বিভাগ, সারুলিয়া, ডেমরা, ঢাকা।
- ৩। কোম্পানির নিজস্ব ওয়েব-সাইট।

১২১৮

তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)  
১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ  
কাওরান বাজার বাণিজ্যিক এলাকা,  
ঢাকা-১২১৫।

সূত্র নং ২৮.১৩.০০০০.১২২.১৪.০১৫.২৩

তারিখ :

প্রধান কার্যালয়ে চলমান পূর্তকাজে সৃষ্ট পুরাতন ও পরিত্যক্ত নির্মাণ সামগ্রী নিলামের মাধ্যমে অপসারণের লক্ষ্যে দরদাতা কর্তৃক উদ্ধৃত দরের সিডিউল।

ক্র. নং	বিক্রয়ের জন্য প্রস্তাবিত মালামালের বিবরণ	মোট উদ্ধৃত দর (অংকে) (ভ্যাট ও ট্যাক্সসহ)	মোট উদ্ধৃত দর (কথায়) (ভ্যাট ও ট্যাক্সসহ)
১।	প্রধান কার্যালয়ের ৩য়, ৪র্থ, ৭ম ও ৮ম তলার করিডোর এ রক্ষিত চলমান পূর্তকাজে সৃষ্ট পুরাতন ও পরিত্যক্ত নির্মাণ সামগ্রী		

দরদাতার স্বাক্ষর ও তারিখ

দর দাতার নাম :-----

দর দাতার ঠিকনা :-----